# জেলা পরিষদ কার্যালয়
**লালমনিরহাট।**
www.zplalmonirhat.org

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

স্মারক নং-জেপ-লাল/২০২২/৩০৬

তারিখ : ০৭/০৩/১৪২৯ বঙ্গাব্দ
২১/০৬/২০২২ খ্রিস্টাব্দ

# নিয়োগ বিজ্ঞপ্তি

স্থানীয় সরকার বিভাগের, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয় এর ৩১/১০/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০০২.১৭.২২৫৯ নং স্মারকে লালমনিরহাট জেলা পরিষদে ১ (এক) জন "ডুপ্লিকেটিং মেশিন অপারেটর কাম-দপ্তরী" শূন্য পদে এবং ২৬/১২/২০২১ খ্রি. তারিখের ৪৬.০০.০০০০.০৪২.১১.০১১.০০৩.১৭.২৫৭৩ নং স্মারকে লালমনিরহাট জেলা পরিষদের সাংগঠনিক কাঠামোভুক্ত ১ (এক) জন "অফিস সহায়ক" শূন্য পদে সরাসরি লোক নিয়োগের প্রাপ্ত ছাড়পত্রের পরিপ্রেক্ষিতে লালমনিরহাট জেলা পরিষদে নিম্নবর্ণিত শূন্য পদ ২টি সরাসরি নিয়োগের মাধ্যমে পূরণের নিমিত্ত শর্তসাপেক্ষে অস্থায়ী ভিত্তিতে নির্ধারিত ফরমে লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দাদের নিকট হতে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম | বেতন স্কেল | পদের সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১ | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর কাম.দপ্তরী | ৮৮০০-২১৩১০<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>(গ্রেড-১৮) | ১ (এক)টি | এসএসসি পাশ/সমমান |
| ২ | অফিস সহায়ক | ৮২৫০-২০০১০<br>জাতীয় বেতন স্কেল ২০১৫<br>(গ্রেড-২০) | ১ (এক)টি | অষ্টম শ্রেণী পাশ |

**শর্তাবলী :**

০১। প্রার্থীকে জন্মসূত্রে বাংলাদেশের নাগরিক ও লালমনিরহাট জেলার স্থায়ী বাসিন্দা হতে হবে।

০২। নির্ধারিত চাকুরীর আবেদন ফরমে আবেদন করতে হবে। আবেদন ফরম জেলা পরিষদের ওয়েবসাইট www.zplalmonirhat.org হতে ডাউনলোড করা যাবে।

০৩। আবেদনপত্র প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট বরাবর ০৪/০৮/২০২২ খ্রি. তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে (বিকাল. ৫.০০টার মধ্যে) জেলা পরিষদ কার্যালয়, লালমনিরহাটে ডাকযোগে প্রেরণ করতে হবে।

০৪। আবেদনপত্রে (ক) প্রার্থীর নাম (খ) পিতা/স্বামীর নাম (গ) মাতার নাম (ঘ) স্থায়ী ঠিকানা (ঙ) বর্তমান ঠিকানা (চ) জাতীয়তা (ছ) ধর্ম (জ) জন্ম তারিখ (ঝ) বয়স (০৪/০৮/২০২২ খ্রি. তারিখে) (ঞ) শিক্ষাগত যোগ্যতা (ট) অভিজ্ঞতা (যদি থাকে) (ঠ) প্রার্থীর কোটা (সাধারণ/বীর মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/বিভাগীয়) (ড) ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর ইত্যাদি উল্লেখসহ নির্ধারিত ফরমে স্পষ্ট অক্ষরে স্বহস্তে লিখিত এবং স্বাক্ষরযুক্ত করতে হবে।

০৫। প্রার্থীর বয়স ০৪/০৮/২০২২ খ্রি. তারিখের ১৮-৩০ বছরের মধ্যে হতে হবে। তবে বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির এবং প্রতিবন্ধীদের ক্ষেত্রে বয়সসীমা ১৮-৩২ বছর পর্যন্ত শিথিলযোগ্য। বয়স প্রমাণের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য হবে না।

০৬। বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান/নাতি-নাতনির ক্ষেত্রে প্রার্থীকে আবেদনপত্রের সাথে তার পিতা/মাতা/পিতামহ/মাতামহের মুক্তিযোদ্ধা সার্টিফিকেট (উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত ও প্রতিস্বাক্ষরিত) এর ফটোকপি যা গেজেটেড কর্মকর্তা (নাম পদবীর সীল স্বাক্ষরসহ) কর্তৃক সত্যায়িত সংযুক্ত করতে হবে। এছাড়া বীর মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সাথে আবেদনকারীর সম্পর্কের বিষয়ে সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত সার্টিফিকেট সংযুক্ত করতে হবে।

০৭। আবেদনপত্রের সাথে সদ্য তোলা পাসপোর্ট আকারের ৩ (তিন) কপি রঙিন সত্যায়িত ছবি, ইউনিয়ন পরিষদ চেয়ারম্যান/পৌরসভার মেয়র কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্রের মূলকপি, গেজেটেড কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র ও সকল শিক্ষাগত যোগ্যতা/অভিজ্ঞতার সনদপত্রের সত্যায়িত অনুলিপি এবং জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত অনুলিপি সংযুক্ত করতে হবে।

০৮। আবেদনপত্রের সাথে প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, লালমনিরহাট এর অনুকূলে যে কোন তফসিলী ব্যাংক হতে ৩০০/- (তিনশত) টাকার ব্যাংক ড্রাফট/পে-অর্ডার (অফেরতযোগ্য) সংযুক্ত করতে হবে।

০৯। দরখাস্তের খামের উপরে স্পষ্ট অক্ষরে পদের নাম, প্রার্থীর নাম/ঠিকানা লিখতে হবে। আবেদনপত্রের সাথে ৪ ইঞ্চি × ১০ ইঞ্চি সাইজের নিজ ঠিকানা সম্বলিত ১০/- টাকার ডাকটিকিটসহ ফেরতখাম যুক্ত করতে হবে।

১০। অসম্পূর্ণ, ত্রুটিপূর্ণ, ভুল তথ্য এবং বিলম্বে প্রাপ্ত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। আবেদনপত্র গ্রহণ বা বাতিলের বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

১১। সরকারী, আধা সরকারী ও স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে চাকুরীতে কর্মরত প্রার্থীদের আবেদনের ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন করতে হবে। এক্ষেত্রে কোন অগ্রিম কপি গ্রহণ করা হবে না।

১২। চাকুরীতে নিয়োগের পূর্বে সিভিল সার্জন কর্তৃক স্বাস্থ্য পরীক্ষা সম্পন্ন করতে হবে।

১৩। প্রার্থীকে নির্বাচনী (লিখিত, মৌখিক) পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন টিএ/ডিএ প্রদান করা হবে না।

১৪। এ নিয়োগ সম্পূর্ণ অস্থায়ী। এ নিয়োগের শিক্ষানবিশ সময়কাল ৬ (ছয়) মাস পর্যন্ত বলবৎ থাকবে। নিয়োগ সংক্রান্ত কোন জটিলতার সৃষ্টি হলে কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৫। দরখাস্ত বাছাইয়ে কেবল উপযুক্ত বিবেচিত হলে প্রার্থী লিখিত ও মৌখিক পরীক্ষায় অংশগ্রহণের যোগ্য বলে গণ্য হবেন।

১৬। কোন তথ্য গোপন করে বা ভুল তথ্যে চাকুরীতে নিয়োগপ্রাপ্ত হলে সংশ্লিষ্ট প্রার্থীর নিয়োগ আদেশ বাতিলসহ তার বিরুদ্ধে আইন অনুযায়ী ব্যবস্থা গ্রহণ করা হবে।

১৭। কোটা সম্পর্কিত সরকারি সর্বশেষ নীতিমালা অনুসরণ করা হবে। কোটার ক্ষেত্রে প্রার্থীকে তার সংশ্লিষ্ট কোটা খামের উপরে লিখতে হবে। (বীর মুক্তিযোদ্ধা/শারীরিক প্রতিবন্ধী/এতিম/ক্ষুদ্র নৃ-গোষ্ঠী/আনসার ও ভিডিপি প্রার্থীদের ক্ষেত্রে সর্বশেষ নীতিমালা অনুযায়ী উপযুক্ত কর্তৃপক্ষ প্রদত্ত সনদপত্র সংযুক্ত করতে হবে।)

১৮। এ নিয়োগের ক্ষেত্রে চাকুরীর শর্তাবলী, বেতন-ভাতা/সুযোগ-সুবিধার ক্ষেত্রে জেলা পরিষদ আইন-২০০০, "স্থানীয় সরকার (জেলা পরিষদ) কর্মকর্তা-কর্মচারী চাকুরী বিধিমালা ১৯৯০" ও মন্ত্রণালয় বা বিভাগ কর্তৃক সময় সময় জারীকৃত নির্দেশাবলী প্রযোজ্য হবে।

১৯। অনিবার্য কারণে কর্তৃপক্ষ এ নিয়োগ কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল এবং বিজ্ঞপ্তিতে উল্লেখিত শর্তাবলী সংশোধন বা পরিবর্তনের ক্ষমতা সংরক্ষণ করেন।

২১/০৬/২০২২

**(মোঃ রফিকুল ইসলাম)**
প্রধান নির্বাহী কর্মকর্তা (অ. দা.)
জেলা পরিষদ, লালমনিরহাট
ও
আহবায়ক
জেলা পরিষদ কর্মচারী নিয়োগ ও পদোন্নতি সংক্রান্ত বাছাই কমিটি
ফোন-০৫৯১-৬১৩৫৯
ই-মেইল : zillaparishadlmh@yahoo.com

PF-192-679/22 (12"x4)